দৈনিক ইনকিলাব

২২/৯/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ৮ কলাম ১-৭......

# বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড

## বখশি বাজার, ঢাকা-১২১১

## বিজ্ঞপ্তি

নং-পরী/বৃত্তি ১১৩/১০,০০০ তাং ঃ ১১-০৯-২০০১

বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০০১ ইং সালের ইবতেদায়ী ৫ম ও দাখিল ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষা আগামী ২৬-১২-২০০১ ইং তাং থেকে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জন্য অপর পৃষ্ঠায় বর্ণিত নির্ধারিত ফি রেজিষ্ট্রার, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতঃ নিম্নবর্ণিত নিয়ম ও সময়সূচী অনুযায়ী পরীক্ষার্থীদের দাখিলা, বিবরণী ও রেজিষ্ট্রেশনের অনুমতি ফরম সংগ্রহ করে উহা যথাযথভাবে পূরণ করে অত্র বোর্ডের বৃত্তি শাখায় জমা দেয়ার জন্য সকল মাদ্‌রাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

### নিয়মাবলী

১। পরীক্ষার্থীদের দাখিলা, বিবরণী ও রেজিষ্ট্রেশনের অনুমতি ফরম গ্রহণের নিমিত্তে মাদ্‌রাসার প্যাডে বর্ণিত ছক মোতাবেক ছাত্র-ছাত্রীদের তালিকা প্রদানপূর্বক প্রতি ছাত্র-ছাত্রীর জন্য নির্ধারিত সকল প্রকার ফি আগামী ১৬-০৯-২০০১ ইং তারিখ থেকে ২৫-০৯-২০০১ ইং তারিখ পর্যন্ত (কর্ম দিবসে) এবং বিলম্ব ফিসহ ২৬-০৯-২০০১ ইং তারিখ হতে ৩০-০৯-২০০১ ইং তারিখ পর্যন্ত হিসাব আয় শাখায় ব্যাংকে ড্রাফট জমা দিয়ে বৃত্তি শাখা হতে যাবতীয় ফরম সংগ্রহ করবেন।

২। বৃত্তি শাখায় হাতে হাতে ফরম জমা দেয়ার তারিখ ঃ ২৬-০৯-২০০১ ইং তাং থেকে ০৪-১০-২০০১ ইং তাং পর্যন্ত। উল্লেখ্য যে, ডাকযোগে কোন ফরম গ্রহণ করা হবে না।

৩। একজন মাদ্‌রাসা প্রধান বা তাঁর প্রতিনিধি ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে একাধিক মাদ্‌রাসার দাখিলা, বিবরণী ও রেজিষ্ট্রেশনের এর অনুমতি ফরম সংগ্রহ ও জমা দিতে পারবেন।

৪। ৫ম ও ৮ম শ্রেণীর রেজিষ্ট্রেশনের অনুমতি ফি-এর জন্য ১টি ব্যাংক ড্রাফট এবং ৫ম ও ৮ম শ্রেণীর পরীক্ষার ফি-এর জন্য পৃথক ১টি ব্যাংক ড্রাফট করাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই ফরম বিতরণ ও গ্রহণ করা যাবে না।

৫। ইবতেদায়ী ৫ম শ্রেণী বৃত্তি পরীক্ষার্থীদের বয়স ০১-০৩-২০০১ ইং তারিখে ৯ বৎসর ও দাখিল ৮ম শ্রেণী বৃত্তি পরীক্ষার্থীদের বয়স ০১-০৩-২০০১ ইং তারিখে ১২ বৎসরের কম হতে পারবে না। পরীক্ষার বিষয় ও পাঠ্যসূচী এবং পরীক্ষার নম্বর অপরিবর্তিত থাকবে।

৬। বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত/অনুমতিপ্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্‌রাসা, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্‌রাসা হতে ৫ম শ্রেণীতে কমপক্ষে ৫ জন এবং ৮ম শ্রেণীতে কমপক্ষে ৫ জন করে ছাত্র-ছাত্রীদের বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### ফি-এর তালিকা

৭।

| | |
|---|---|
| ক) ইবতেদায়ী ৫ম শ্রেণীর রেজিষ্ট্রেশনের অনুমতি ফি প্রতি পরীক্ষার্থী | ২০ (বিশ) টাকা। |
| খ) দাখিল ৮ম শ্রেণীর " " | ২৫ (পঁচিশ) টাকা। |
| গ) উভয় শ্রেণীর রেজিষ্ট্রেশনের অনুমতির বিলম্ব ফি " " | ৫ (পাঁচ) টাকা। |
| ঘ) ইবতেদায়ী ৫ম শ্রেণীর পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী | ৬০ (ষাট) টাকা। |
| ঙ) দাখিল ৮ম শ্রেণীর পরীক্ষার ফি | ১২০ (একশত বিশ) টাকা। |
| চ) উভয় শ্রেণীর পরীক্ষার বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী | ১০ (দশ) টাকা। |

### ২০০১ সালের বৃত্তি পরীক্ষার সময়সূচী

| তারিখ ও বার | সকাল ১০টা হতে ১২-৩০ পর্যন্ত | বিকাল ২টা হতে ৪-৩০ পর্যন্ত |
|---|---|---|
| ২৬-১২-২০০১ বুধবার | ৫ম শ্রেণীর আরবি<br>৮ম শ্রেণীর কুরআন ও তাজবীদ | ৫ম শ্রেণীর বাংলা<br>৮ম শ্রেণীর বাংলা |
| ২৭-১২-২০০১ বৃহস্পতিবার | ৫ম শ্রেণীর আকাঈদ ও ফিক্‌হ<br>৮ম শ্রেণীর আরবি | ৫ম শ্রেণীর গণিত<br>৮ম শ্রেণীর গণিত |
| ২৯-১২-২০০১ শনিবার | ৮ম শ্রেণীর আকাঈদ ও ফিক্‌হ | ৮ম শ্রেণীর ইংরেজী/উর্দু |

### ফরম গ্রহণ আবেদনের ছক (নমুনা)

মাদ্‌রাসার নাম | পোঃ | উপজেলা | কেন্দ্র | জেলা
শ্রেণী

| ক্রমিক | ছাত্র-ছাত্রীর নাম | পিতার নাম | জন্ম তাং |
|---|---|---|---|